দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 19 FEB 1994

পৃষ্ঠা ০২ কলাম ৩

৪১

# ১৮ ফেব্রুয়ারি শিক্ষক দিবস পালনের দাবি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ যথাযোগ্য মর্যাদায় শুক্রবার সারা দেশে ডঃ জোহা দিবস পালিত হয়েছে। ১৯৬৯ সালের এই দিনে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও প্রক্টর ডঃ শামসুজ্জোহা তৎকালীন ইপিআর বাহিনীর গুলিতে নিহত হন।

মরহুমের মৃত্যুবার্ষিকী উপলক্ষে বিভিন্ন সংগঠন আয়োজিত কর্মসূচীর মধ্যে ছিল আলোচনা, মিলাদ মাহফিল ও মরহুমের মাজারে পুষ্পার্পণ ও কালো পতাকা উত্তোলন।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এ উপলক্ষে বিশ্ববিদ্যালয় কলাভবনে আলোচনা সভার আয়োজন করে। অধ্যাপক মোঃ শাহাদত আলী'র সভাপতিত্বে এ সময় চারটি প্রস্তাব গৃহীত হয়। এগুলো হলো, জোহা'র বীরত্বপূর্ণ আত্মদানের রাষ্ট্রীয় স্বীকৃতি প্রদান, রাষ্ট্রীয়ভাবে ১৮ ফেব্রুয়ারি শিক্ষক দিবস পালনের ব্যাবস্থা করা, ঢাকা বিশ্ববিদ্যালয়ে তাঁর স্মৃতিফলক স্থাপন প্রভৃতি।